# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬০৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আমরা হাদীসসমূহের যে ব্যাখ্যা করেছি, সে অনুযায়ী রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের রাতের সালাত বিভিন্ন রকম ছিল মর্মে হাদীস

## ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى تَبَايُنِ صَلَاةِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِاللَّيْلِ عَلَى حَسَبِ مَا تَأَوَّلْنَا الْأَخْبَارَ الَّتِي ذَكَرْنَاهَا

আরবী

2608 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ قَالَ: حَدَّثَنَا يَزِيدُ بْنُ هَارُونَ قَالَ: أَخْبَرَنَا حُمَيْدٌ : عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ قَالَ: مَا كُنَّا نَشَاءُ أَنْ نَرَى النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنَ اللَّيْلِ مُصَلِّيًا إِلَّا رَأَيْنَاهُ مُصَلِّيًا وَمَا كُنَّا نَشَاءُ نَرَاهُ نَائِمًا من الليل إلا رأيناه نائماً.
الراوي : أَنَس | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2608 | خلاصة حكم المحدث: صحيح: خ (1972 و 1973).

বাংলা

২৬০৮. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন “আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে রাতে সালাতরত অবস্থায় দেখতে চাইলে তাঁকে আমরা সালাতরত অবস্থায় দেখতে পেতাম আবার আমরা তাঁকে ঘুমন্ত অবস্থায় দেখতে চাইলে তাকে আমরা ঘুমন্ত অবস্থায় দেখতে পেতাম।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আবী ইয়ালা: ৩৮৫২; নাসাঈ: ৩/২১৩-২১৪; বাগাবী: ৯৩২; মুসনাদ আহমাদ: ৩/১০৪; সহীহুল বুখারী: ১১৪১; সুনান বাইহাকী: ৩/১৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহুল বুখারী: ১৯৭২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91938

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন